ঢাকা বোর্ড ২০১৫

হিসাববিজ্ঞান : দ্বিতীয় পত্র

বিষয় কোড: | ২ | ৫ | ৪ |

সময় — ২ ঘণ্টা ১০ মিনিট

সৃজনশীল

পূর্ণমান — ৬০

[দ্রষ্টব্য : ডান পাশের সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। প্রদত্ত উদ্দীপকগুলো মনোযোগ সহকারে পড়ো এবং সংশ্লিষ্ট প্রশ্নের উত্তর দাও। ক বিভাগ থেকে দুইটি এবং খ বিভাগ থেকে যে কোনো চারটি প্রশ্ন নিয়ে মোট ছয়টি প্রশ্নের উত্তর দাও।]

ক বিভাগ

১. কোহিনুর কোম্পানি লিমিটেড-এর অনুমোদিত মূলধনের পরিমাণ ৫,০০,০০০ টাকা যাহা প্রতিটি ১০ টাকা মূল্যের ৫০,০০০ শেয়ারে বিভক্ত। ২০১৩ সালের ৩১ ডিসেম্বর তারিখে রেওয়ামিল ও অন্যান্য তথ্যাবলি নিয়ে প্রদত্ত হলো :

কোহিনুর কোম্পানি লিমিটেড
রেওয়ামিল
ডেবিট — ৩১ ডিসেম্বর, ২০১৩ — ক্রেডিট

হিসাবের নাম	টাকা	হিসাবের নাম	টাকা
মজুদ পণ্য (১.১.১৩)	৬০,০০০	শেয়ার মূলধন (প্রতি শেয়ারে ১০ টাকা করে ২০,০০০ শেয়ার)	২,০০,০০০
ক্রয়	৯০,০০০		
মনিহারি	৪,০০০	সংরক্ষিত আয় বিবরণীর উদ্বৃত্ত (৩১.১২.১২)	১০,০০০
বেতন	২০,০০০		
দপ্তর খরচ	২,০০০	লভ্যাংশ সমতাকরণ তহবিল	৫,০০০
বিলম্বিত বিজ্ঞাপন	৫,০০০	বিক্রয়	১,০৪,০০০
প্রাপ্য হিসাব	৬০,০০০	প্রদেয় হিসাব	৩০,০০০
আয়কর	২,০০০	আয়কর সঞ্চিতি	৬,০০০
কলকব্জা	৪৮,০০০	১২% ঋণ	২০,০০০
অন্তর্বর্তীকালীন লভ্যাংশ	১২,০০০	শিক্ষানবিশ সেলামি	৬,০০০
মোটর গাড়ি	৭০,০০০		
রপ্তানি শুল্ক	৮,০০০		
	৩,৮১,০০০		৩,৮১,০০০

সমন্বয়সমূহ: ১. সমাপনী মজুদ পণ্যের বাজার মূল্য ৭০,০০০ টাকা যার ক্রয়মূল্য ৬৫,০০০ টাকা। ২. প্রদেয় মাসিক বেতনের পরিমাণ ১,৫০০ টাকা। ৩. ঋণের পূর্ণ বছরের সুদ বকেয়া রয়েছে। ৪. মুনাফাবিহীন পণ্য বিক্রয় ৩,০০০ টাকা, বিক্রয়ের অন্তর্ভুক্ত আছে। ৫. বিক্রয় অথবা ফেরত ভিত্তিতে প্রেরিত ৫,০০০ টাকার পণ্য বিক্রয়ের মধ্যে অন্তর্ভুক্ত আছে যাহা এখনো বিক্রয় বলে নিশ্চিত হওয়া যায়নি। উক্ত পণ্যের ক্রয়মূল্য ৪,০০০ টাকা। ৬. প্রদেয় হিসাবের উপর ২% হারে বাট্টা সঞ্চিতি সৃষ্টি করতে হবে।

ক. উক্ত কোম্পানির নিট বিক্রয়ের পরিমাণ নির্ণয় করো। ২

খ. মোট লাভ ১৮,০০০ টাকা ধরে আয় বিবরণী তৈরি করো। ৪

গ. উপর্যুক্ত তথ্যের ভিত্তিতে কোহিনুর কোম্পানি লি. এর সংরক্ষিত আয় বিবরণী প্রস্তুত করো। ৪

২. তিতাস কোম্পানি লিমিটেড প্রতিটি ১০ টাকা মূল্যের ৪০,০০০ শেয়ারে বিভক্ত ৪,০০,০০০ টাকা অনুমোদিত মূলধনে নিবন্ধিত হয়। ২০১৩ সালের ৩১ ডিসেম্বর তারিখে উক্ত কোম্পানির রেওয়ামিল ছিল নিম্নরূপ :

তিতাস কোম্পানি লিমিটেড
রেওয়ামিল
ডেবিট — ৩১ ডিসেম্বর, ২০১৩ — ক্রেডিট

হিসাবের নাম	টাকা	হিসাবের নাম	টাকা
প্রারম্ভিক মজুদ	৪০,০০০	শেয়ার মূলধন (২৫,০০০ শেয়ার)	২,৫০,০০০
কলকব্জা	২,০০,০০০	শেয়ার অধিহার	৩০,০০০
বিনিয়োগ	২,০০,০০০	সাধারণ সঞ্চিতি	৪০,০০০
সুনাম	১,০০,০০০	অদাবিকৃত লভ্যাংশ	১০,০০০
অন্তর্বর্তীকালীন লভ্যাংশ	১৫,০০০	ঋণপত্র	৬০,০০০
প্রাপ্য হিসাব	১,২০,০০০	প্রদেয় হিসাব	৫০,০০০
ক্রয় (১৫% ভ্যাটসহ)	২,৩০,০০০	বিক্রয় (১৫% ভ্যাটসহ)	৪,৬০,০০০
ভ্যাট চলতি হিসাব	৩৫,০০০	রক্ষিত আয় বিবরণীর জের (০১.০১.১৩)	৪০,০০০
	৯,৪০,০০০		৯,৪০,০০০

সমন্বয়সমূহ: ১. সমাপনী মজুদ মূল্যায়ন হয়েছে ৯৬,০০০ টাকা। উক্ত মজুদের মধ্যে ৬,০০০ টাকা মূল্যের আগুনে বিনষ্ট পণ্য অন্তর্ভুক্ত আছে এবং বিমা কোম্পানি ৪,০০০ টাকা ক্ষতিপূরণ দিতে রাজি আছে। ২. শেয়ার অধিহার সুনামের সাথে সমন্বয়পূর্বক অবলোপন করতে হবে। ৩. সাধারণ সঞ্চিতি বৃদ্ধি করে ৫০,০০০ টাকা করতে হবে। ৪. আয়কর সঞ্চিতি ১০,০০০ টাকা রাখতে হবে।

ক. ভ্যাট চলতি হিসাবের উদ্বৃত্তের পরিমাণ নির্ণয় করো। ২

খ. চলতি বছরের মোট মুনাফা নির্ণয় করো। ৪

গ. সংরক্ষিত আয় বিবরণীর উদ্বৃত্ত ২,৫৯,০০০ টাকা ধরে ২০১৩ সালের ৩১শে ডিসেম্বর তারিখে কোম্পানির আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করো। ৪

খ বিভাগ

৩. ২০১৪ সালের ৩১ ডিসেম্বর তারিখে কুমিল্লা ক্লাবের প্রাপ্তি ও প্রদান হিসাবের নিয়ে প্রদত্ত হলো :

কুমিল্লা ক্লাব
প্রাপ্তি ও প্রদান হিসাব

প্রাপ্তিসমূহ	টাকা	প্রদানসমূহ	টাকা
ব্যালেন্স (১ জানুয়ারি, ২০১৪)	১২,০০০	প্রাঙ্গণ রক্ষণাবেক্ষণ খরচ	৪,০০০
চাঁদা	৪৬,০০০	বার্ষিক সাধারণ সভায় খরচ	৫,০০০
ব্যাডমিন্টন ফিস	৫,০০০	মনিহারি ক্রয়	২,০০০
ক্যারামবোর্ড ফিস	৪,০০০	বস্ত্র বিতরণ	৩,০০০
আজীবন সদস্যের চাঁদা	১০,০০০	বেতন ও বোনাস	১৫,০০০
হলঘর ভাড়া প্রাপ্তি	১০,০০০	প্রাঙ্গণ উন্নয়ন	১০,০০০
আপ্যায়ন হতে মুনাফা	৬,০০০	বিলিয়ার্ড টেবিল ক্রয় (০১.০৭.১৪)	২০,০০০
		ব্যালেন্স (৩১ ডিসেম্বর, ২০১৪)	৩৪,০০০
	৯৩,০০০		৯৩,০০০

২০১৪ সালের ১ জানুয়ারি তারিখে সম্পত্তি ছিল : প্রাঙ্গণ ৫০,০০০ টাকা; আসবাবপত্র ২০,০০০ টাকা ও দালান ১,০০,০০০ টাকা।

অন্যান্য তথ্যাবলি: ১. প্রাপ্ত চাঁদার মধ্যে বিগত বছরের বকেয়া চাঁদা আদায় ৫,০০০ টাকা। পরবর্তী বছরের চাঁদা প্রাপ্তি ১,০০০ টাকা, পক্ষান্তরে চাঁদা এখনও বকেয়া আছে (চলতি বছরের) ২,০০০ টাকা। ২. ৩১ ডিসেম্বর ২০১৪ তারিখে আসবাবপত্রের উদ্বৃত্ত ছিল ১৫,০০০ টাকা।

ক. ২০১৪ সালের চাঁদা বাবদ কত টাকা আয় হয়েছে তাহা নির্ণয় করো। ২

খ. ২০১৪ সালের মুনাফা জাতীয় ব্যয়ের পরিমাণ নির্ণয় করো। ৪

গ. ব্যয়াতিরিক্ত আয় ৩৩,০০০ টাকা এবং প্রারম্ভিক মূলধন তহবিল ১,৮৭,০০০ টাকা ধরে ২০১৪ সালের ৩১ ডিসেম্বর তারিখে উদ্বর্তপত্র প্রস্তুত করো। ৪

৪. পূবালী লি. এর নিম্নলিখিত তথ্যাবলি প্রদত্ত হলো :

বিবরণ	টাকা
নিট আয়	৫,০০,০০০
অবচয় হিসাব	৭০,০০০
যন্ত্রপাতি বিক্রয়ে ক্ষতি	৩০,০০০
প্রাপ্য হিসাব বৃদ্ধি	৫০,০০০
মজুদ পণ্য হ্রাস	২০,০০০
প্রদেয় হিসাব বৃদ্ধি	৪০,০০০
সাধারণ শেয়ার ইস্যু	১,০০,০০০
লভ্যাংশ প্রদান	৪০,০০০
বন্ড পরিশোধ	৩০,০০০
বন্ড ইস্যু	৫০,০০০

ক. অনগদ লেনদেনের সমষ্টি নির্ণয় করো। ২

খ. পরিচালন কার্যক্রম হতে নিট নগদ প্রবাহ নির্ণয় করো। ৪

গ. অর্থসংস্থান কার্যক্রম হতে নিট নগদ প্রবাহ নির্ণয় করো। ৪

৫. ক, খ ও গ একটি অংশীদারি প্রতিষ্ঠানের তিনজন অংশীদার। তারা ব্যবসায়ের লাভ-লোকসান যথাক্রমে ২ : ২ : ১ অনুপাতে বণ্টন করে নেয়। ২০১৪ সালের ১ জানুয়ারি তারিখে তাদের মূলধন ছিল : ক এর ২০,০০০ টাকা; খ-এর ১৫,০০০ টাকা এবং গ-এর ১০,০০০ টাকা। অংশীদারগণের মূলধন ও উত্তোলনের উপর বার্ষিক ৫% হারে সুদ ধার্য করতে হবে। 'গ' ব্যবসা হতে মাসিক ২০০ টাকা করে বেতন পাবে এবং এই বেতনের টাকা সে এখন পর্যন্ত উত্তোলন করে নাই।

সম্ভাব্য লাভের প্রত্যাশায় ২০১৪ সালে ক ৬,০০০ টাকা; খ ৩,০০০ টাকা এবং গ ৪,৫০০ টাকা ব্যবসায় হতে উত্তোলন করেছিল। ২০১৪ সালের ১ জুলাই তারিখে ক ৬,৫০০ টাকা অতিরিক্ত মূলধনস্বরূপ সরবরাহ করে, পক্ষান্তরে ঐ একই তারিখে 'খ' ৪,৫০০ টাকা ঋণস্বরূপ ব্যবসায়ে আনয়ন করে। অংশীদারগণের উত্তোলনের সুদ ক-এর ১০০ টাকা; খ-এর ৪৫ টাকা এবং গ-এর ৭৫ টাকা নির্ণয় করা হয়। 'গ' এর বেতনের টাকা ডেবিট করার পর কিন্তু উপরোক্ত অন্যান্য সমন্বয়গুলো সাধন করার পূর্বে ২০১৪ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের জন্য ব্যবসায়ের লাভ ১০,৩০০ টাকায় উপনীত হলো।

ক. 'ক' এর মূলধনের সুদ ও 'খ' এর ঋণের সুদ নির্ণয় করো। ২

খ. ক, খ ও গ এর লাভ-লোকসান আবণ্টন হিসাব প্রস্তুত করো। ৪

গ. অংশীদারদের মূলধন হিসাব প্রস্তুত করো। ৪

৬. তাজ কোম্পানি লিমিটেড এর আর্থিক অবস্থার বিবরণী ও অন্যান্য তথ্যাবলি নিম্নে দেওয়া হলো :

তাজ কোম্পানি লিমিটেড
আর্থিক অবস্থার বিবরণী
৩১ ডিসেম্বর, ২০১৪

দায়সমূহ	টাকা	সম্পদসমূহ	টাকা
শেয়ার মূলধন	২,২০,০০০	ব্যাংক জমা	৮,০০০
লাভ-লোকসান হিসাব	৫০,০০০	আসবাবপত্র	৩০,০০০
প্রদেয় হিসাব	২০,০০০	ভূমি ও দালানকোঠা	২,৩০,০০০
প্রদেয় নোট	১৫,০০০	মজুদ পণ্য	২০,০০০
বন্ধকী ঋণ	২৫,০০০	বিলম্বিত বিজ্ঞাপন	৭,০০০
অদাবিকৃত লভ্যাংশ	১০,০০০	প্রাপ্য হিসাব	৪০,০০০
		অগ্রিম বিমা সেলামি	৫,০০০
	৩,৪০,০০০		৩,৪০,০০০

অন্যান্য তথ্যাবলি: বছরে বিক্রয়ের পরিমাণ ৩,২০,০০০ টাকা; মোট লাভের পরিমাণ ১,২০,০০০ টাকা; করবাদ নিট আয়ের পরিমাণ ছিল ৩০,০০০ টাকা এবং অনাদায়ী পাওনার পরিমাণ ছিল ৩,০০০ টাকা।

ক. বিনিয়োজিত মূলধনের পরিমাণ নির্ণয় করো। ২

খ. কার্যকরী মূলধন অনুপাত ও অনাদায়ী পাওনা অনুপাত নির্ণয় করো। ৪

গ. লাভ-উপার্জন ক্ষমতার দু'টি অনুপাত নির্ণয় করে কোম্পানির দক্ষতা মূল্যায়ন করো। ৪

৭. গোমতি কোম্পানি লিমিটেড প্রতিটি ১০ টাকা মূল্যের ৪,০০,০০০ শেয়ারে বিভক্ত ৪০,০০,০০০ টাকা অনুমোদিত মূলধনে নিবন্ধিত হলো। কোম্পানি প্রতি শেয়ার ৫ টাকা অধিহারে ৩,০০,০০০ শেয়ার বিক্রির জন্য ইস্যু করল। ৩,৮০,০০০ শেয়ারের আবেদন পাওয়া গেল। ৩,০০,০০০ শেয়ার আবেদনকারীদের মধ্যে বণ্টিত হলো। অতিরিক্ত আবেদনের টাকা সংশ্লিষ্ট আবেদনকারীদের ফেরত দেওয়া হলো।

ক. কোম্পানির ব্যাংক হিসাব প্রস্তুত করো। ২

খ. কোম্পানির হিসাব বইতে প্রয়োজনীয় জাবেদা দাখিলা দাও। ৪

গ. কোম্পানির আর্থিক অবস্থার বিবরণী প্রস্তুত করো। ৪

৮. উদয়ন প্রেস লিমিটেড এর উৎপাদন ব্যয় সংক্রান্ত তথ্যাবলি নিম্নরূপ :

বিবরণ	টাকা
ব্যবহৃত কাঁচামাল	৪০,০০০
অর্ধসমাপ্ত পণ্য (০১-০১-২০১৪)	৫,০০০
অর্ধসমাপ্ত পণ্য (৩০-০৬-২০১৪)	৬,৫০০
প্রস্তুতকৃত পণ্য (০১-০১-২০১৪)	১৩,৫০০
প্রস্তুতকৃত পণ্য (৩০-০৬-২০১৪)	৮,৫০০
পরোক্ষ খরচ	১০,০০০
প্রত্যক্ষ মজুরি ২৪,০০০ ঘণ্টা, প্রতি ২ টাকা করে	
কারখানার সরবরাহকৃত বিবিধ দ্রব্য	৪,২০০
পরোক্ষ কাঁচামাল	৪,৫০০
পরোক্ষ শ্রম	৯,০০০
কারখানার বিবিধ খরচ	৫,০০০
প্রশাসনিক খরচ	১০,০০০
বিক্রয় খরচ	১০,০০০
মুনাফা বিক্রয়ের উপর ২০%	

ক. মুখ্য ব্যয়ের পরিমাণ নির্ণয় করো। ২

খ. বিক্রিত পণ্যের ব্যয় নির্ণয় করো। ৪

গ. কোম্পানির নিট লাভ নির্ণয় করো। ৪

৯. সালমা কসমেটিকস লিমিটেড-এর কারখানার একটি গুদামে ২০১৪ সালের জুন মাসে কাঁচামালের আগমন ও নির্গমন নিম্নরূপ :

তারিখ		বিবরণ	একক	হার (টাকা)
জুন	১	প্রারম্ভিক জের	১,০০০	১০
"	৭	ক্রয়	৫০০	৯
"	১২	ইস্যু	৭০০	
"	১৪	ক্রয়	৩০০	৮
"	২০	ইস্যু	৮০০	
"	৩০	ইস্যু	৩০০	

ক. মোট ক্রয়ের পরিমাণ নির্ণয় করো। ২

খ. FIFO পদ্ধতিতে মাল খতিয়ান প্রস্তুত করো। ৪

গ. LIFO পদ্ধতিতে মাল খতিয়ান প্রস্তুত করো। ৪

উত্তরমালা

১. **উত্তর :** ক. নিট বিক্রয় ৯৬,০০০ টাকা। খ. নিট ক্ষতি ৯,৮০০ টাকা। গ. সংরক্ষিত আয়ের সমাপনী জের ৭,৮০০ টাকা (ডেবিট)।

২. **উত্তর :** ক. ভ্যাট চলতি হিসাবের উদ্বৃত্ত (ডেবিট) ৫,০০০ টাকা। খ. মোট মুনাফা ২,৫৬,০০০ টাকা। গ. আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ৬,৮৯,০০০ টাকা।

৩. **উত্তর :** ক. ২০১৪ সালের চাঁদা আয় ৪২,০০০ টাকা। খ. মুনাফা জাতীয় ব্যয় ৩৩,০০০ টাকা। গ. আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ২,৩১,০০০ টাকা।

৪. **উত্তর :** ক. অনগদ লেনদেনের সমষ্টি ১,০০,০০০ টাকা। খ. পরিচালন কার্যাবলি হতে নিট নগদ সরবরাহ ৬,১০,০০০ টাকা। গ. অর্থায়ন কার্যাবলি হতে নিট নগদ সরবরাহ ৮০,০০০ টাকা।

৫. **উত্তর :** ক. 'ক' এর মূলধনের সুদ ১,১৬৩ টাকা এবং 'খ' এর ঋণের সুদ ১৩৫ টাকা। খ. বন্টনযোগ্য মুনাফার অংশ : ক ৩,১৮৯ টাকা; খ ৩,১৮৯ টাকা এবং গ ১,৫৯৪ টাকা। গ. সমাপনী মূলধন : ক ২৪,৭৫২ টাকা; খ ১৫,৮৯৪ টাকা এবং গ ৯,৯১৯ টাকা।

৬. **উত্তর :** ক. বিনিয়োজিত মূলধন ২,৮৮,০০০ টাকা। খ. কার্যকরী মূলধন অনুপাত ০.৬২ : ১ এবং অনাদায়ী পাওনা অনুপাত ৭.৫০%। গ. মোট লাভ অনুপাত ৩৭.৫০%; নিট লাভ অনুপাত ৯.৩৮%।

৭. **উত্তর :** ক. ব্যাংক জমা ৪৫,০০,০০০ টাকা। খ. জাবেদার যোগফল ১,১৪,০০,০০০ টাকা। গ. আর্থিক অবস্থার বিবরণীর যোগফল ৪৫,০০,০০০ টাকা।

৮. **উত্তর :** ক. মুখ্য ব্যয়ের পরিমাণ ৮৮,০০০ টাকা। খ. বিক্রিত পণ্যের ব্যয় ১,২৪,২০০ টাকা। গ. নিট লাভ ৩৬,০৫০ টাকা।

৯. **উত্তর :** ক. ক্রয়কৃত পণ্যের একক ৮০০ এবং মূল্য ৬,৯০০ টাকা। খ. সমাপনী মজুদ পণ্য ০ টাকা। গ. সমাপনী মজুদ পণ্য ০ টাকা।

ঢাকা বোর্ড-২০১৫

হিসাববিজ্ঞান দ্বিতীয় পত্র : বহুনির্বাচনি অভীক্ষা

সময় — ৪০ মিনিট পূর্ণমান — ৪০ বিষয় কোড : | ২ | ৫ | ৪ |

১. ব্যবস্থাপনা হিসাববিজ্ঞানের প্রধান কাজ কোনটি?
ⓚ জাবেদা লিখন ⓚ খতিয়ান প্রস্তুতকরণ
ⓖ আর্থিক বিবরণীসমূহের নিরীক্ষণ
ⓖ ব্যবস্থাপনাকে তথ্য সরবরাহ

২. সাধারণত নিচের কোন বাজেটটি সর্বপ্রথম তৈরি করতে হয়?
ⓚ উৎপাদন বাজেট ⓚ বিক্রয় বাজেট
ⓖ উৎপাদন ব্যয় বাজেট ⓖ শ্রম ব্যয় বাজেট

৩. সমচ্ছেদ বিন্দুতে ব্যয়-পরিমাণ-মুনাফা সম্পর্কের সমীকরণটি হল—
i. বিক্রয় = মোট ব্যয়
ii. বিক্রয় = পরিবর্তনশীল ব্যয় + স্থায়ী ব্যয় + মুনাফা
iii. বিক্রয় = পরিবর্তনশীল খরচ + স্থায়ী
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

উদ্দীপকটি পড়ো এবং ৪ ও ৫নং প্রশ্নের উত্তর দাও।
রহিম ট্রেডার্সের ২০১৩ সালের স্থায়ী খরচের পরিমাণ ১,৮০,০০০ টাকা, একক প্রতি পরিবর্তনশীল ব্যয় ২০ টাকা এবং এককপ্রতি বিক্রয়মূল্য ৫০ টাকা। ঐ আর্থিক বছরে তিনি ১০,০০০ একক বিক্রয় করেন।

৪. এককপ্রতি অনুদানস্রায় কত?
ⓚ ২০ টাকা ⓚ ৩০টাকা
ⓖ ৫০ টাকা ⓖ ৭০ টাকা

৫. ঐ আর্থিক বছরে সমচ্ছেদ বিক্রয় এককের পরিমাণ কত?
ⓚ ৬,০০০ একক ⓚ ৮,০০০ একক
ⓖ ৯,০০০ একক ⓖ ১০,০০০ একক

৬. পরোক্ষ মজুরি হল —
i. পণ্য ব্যয় ii কালীন ব্যয়
iii. পরিবর্তনশীল ব্যয়
নিচের কোনটি সঠিক?
ⓚ i ⓚ ii ⓖ i ও iii ⓖ ii ও iii

৭. প্রত্যক্ষ মাল ২০,০০০ টাকা, প্রত্যক্ষ মজুরি ১৬,০০০ টাকা, বিক্রয় উপরিব্যয় ৬,০০০ টাকা, মুনাফার ব্যয় ৪০,০০০ টাকা এবং অফিস উপরিব্যয় ১২,০০০ টাকা হলে, কালীন ব্যয় কত?
ⓚ ১৮,০০০ টাকা ⓚ ৪৬,০০০ টাকা
ⓖ ৫৬,০০০ টাকা ⓖ ৫৮,০০০ টাকা

৮. F.O.B destination বলতে কি বুঝায়?
ⓚ পণ্যের বহন খরচ বিক্রেতা বহন করবে
ⓚ পণ্যের বহন খরচ ক্রেতা বহন করবে
ⓖ পণ্যের বহন খরচ ক্রেতা বা বিক্রেতা বহন করবে
ⓖ পণ্যের বহন খরচ বীমা কোম্পানি বহন করবে

৯. $\frac{১}{১৫}$, নীট ৪৫ দ্বারা বুঝায় —
i. ১৫ দিনের মধ্যে দেনাদার পাওনা শোধ দিলে ১% বাট্টা পাবে
ii ৪৫ দিনের মধ্যে পাওনা শোধ দিলেও ১% বাট্টা পাবে
iii ৪৫ দিনের মধ্যে অবশ্যই পাওনা দিতে হবে
নিচের কোনটি সঠিক?
ⓚ i ও ii ⓚ i ও iii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

১০. কখন এককপ্রতি স্থির ব্যয় বৃদ্ধি পায়?
ⓚ উৎপাদনের পরিমাণ হ্রাস পেলে
ⓚ বিক্রয়ের পরিমাণ বৃদ্ধি পেলে
ⓖ এককপ্রতি পরিবর্তনশীল ব্যয় হ্রাস পেলে
ⓖ কাঁচামালের মূল্য বৃদ্ধি পেলে

১১. অব্যবসায়ী প্রতিষ্ঠানের মূলধনজাতীয় ব্যয় কোনটি?
ⓚ সচিবের বেতন ⓚ মনিহারি ক্রয়
ⓖ বিদ্যুৎ খরচ ⓖ খেলাধুলার সরঞ্জাম ক্রয়

১২. প্রাপ্তি ও প্রদান হিসাবের ডেবিট উদ্বৃত্ত দ্বারা কী বুঝায়?
ⓚ আয়াতিরিক্ত ব্যয় ⓚ ব্যয়াতিরিক্ত আয়
ⓖ হাতে নগদ ও ব্যাংক জমার সমাপনী জের
ⓖ নগদপ্রাপ্তি ও বকেয়া খরচ সম্পর্কিত লেনদেন

১৩. প্রাপ্তি ও প্রদান হিসাবে চাঁদা ৬০,০০০ টাকা এবং বছরের শেষ পর্যন্ত চাঁদা $^১/_৪$ অংশ বকেয়া থাকলে মোট চাঁদার পরিমাণ কত?
i. ৮০,০০০ টাকা ii. ১,২০,০০০ টাকা
iii ১,৫০,০০০ টাকা
নিচের কোনটি সঠিক?
ⓚ i ⓚ i ও ii ⓖ ii ও iii ⓖ i, ii ও iii

উদ্দীপকটি পড়ো এবং ১৪-১৬ নং প্রশ্নের উত্তর দাও।
ঢাকা ক্লাবের প্রারম্ভিক আসবাবপত্র ছিল ১,০০,০০০ টাকা। এর মধ্যে চলতি বছরে পুরাতন আসবাবপত্র বিক্রয় করা হয়েছে ২০,০০০ টাকা, যার ক্রয়মূল্য ছিল ৪০,০০০ টাকা। চলতি বছরে নতুন আসবাবপত্র ক্রয় করা হয়েছে ৪০,০০০ টাকা। বছরের মাঝামাঝিতে আসবাবপত্র ক্রয় ও বিক্রয় করা হয়। আসবাবপত্রের উপর বার্ষিক ১০% হারে অবচয় ধরতে হবে।

১৪. আসবাবপত্র বিক্রয়জনিত ক্ষতি বা লাভ কত টাকা হবে?
ⓚ বিক্রয়জনিত ক্ষতি ১৬,০০০টাকা
ⓚ বিক্রয়জনিত লাভ ১৮,০০০ টাকা
ⓖ বিক্রয়জনিত ক্ষতি ১৮,০০০ টাকা
ⓖ বিক্রয়জনিত লাভ ২০,০০০ টাকা

১৫. আসবাবপত্রের অবচয়ের পরিমাণ কত?
ⓚ ৪,০০০ টাকা ⓚ ৬,০০০ টাকা
ⓖ ৮,০০০ টাকা ⓖ ১০,০০০ টাকা

১৬. বছরশেষে আসবাবপত্রের সমাপনী উদ্বৃত্ত কত টাকা হবে?
ⓚ ৯০,০০০ টাকা ⓚ ৯২,০০০ টাকা
ⓖ ১,০০,০০০ টাকা ⓖ ১,০২,০০০ টাকা

১৭. চুক্তির অবর্তমানে অংশীদারদের মধ্যে লাভ-লোকসান কিভাবে বণ্টিত হবে?
ⓚ সমান হারে ⓚ মূলধন অনুপাতে
ⓖ সবার মতানুযায়ী ⓖ কারবারের আকার অনুযায়ী

১৮. মূলধনের সুদ চার্জ করা —
i. বাধ্যতামূলক ii. ঐচ্ছিক
iii. চুক্তির উপর নির্ভরশীল
নিচের কোনটি সঠিক?
ⓚ i ⓚ ii ⓖ iii ⓖ i, ii ও iii

১৯. অংশীদারি চুক্তির অবর্তমানে নিচের কোনটি সঠিক নয়?
ⓚ অংশীদারদের বেতন পরিশোধ করা হবে না
ⓚ অংশীদারদের কমিশন পরিশোধ করা হবে না
ⓖ অংশীদারদের মূলধন ও উত্তোলনের উপর সুদ ধার্য করা হবে না
ⓖ অংশীদারদের ঋণের সুদ পরিশোধ করতে হবে না

২০. লভ্যাংশ প্রদান, শেয়ার ইস্যু, ঋণপত্র ইস্যু ও ঋণপত্র পরিশোধ ইত্যাদি নগদ প্রবাহ বিবরণী কোন কার্যাবলিতে অন্তর্ভুক্ত হয়?
ⓚ পরিচালন সংক্রান্ত কার্যক্রম ⓚ বিনিয়োগ সংক্রান্ত কার্যক্রম
ⓖ আর্থিক কার্যক্রম ⓖ আয়-ব্যয় সংক্রান্ত কার্যক্রম

২১. ২০১৪ সালের ১ জানুয়ারি আনিস এন্ড কোং-এর প্রাপ্য হিসাব ছিল ৬২,০০০ টাকা। ২০১৪ সালের ৩১ ডিসেম্বর তারিখে প্রাপ্য হিসাবের পরিমাণ ৪২,০০০টাকা। ২০১৪ সালের ধারে বিক্রয়ের পরিমাণ ৩,০০,০০০ টাকা। ক্রেতাগণের কাছ থেকে নগদ গ্রহণের পরিমাণ কত?
ⓚ ২,৮০,০০০ টাকা ⓚ ৩,২০,০০০ টাকা
ⓖ ৪,০৪,০০০ টাকা ⓖ ৪,২০,০০০ টাকা

২২. করিম ওয়েল ফুড লিঃ-এর পরিচালন খরচ ছিল ১,০০,০০০ টাকা। চলতি বছরের অগ্রিম খরচাবলি হ্রাস পেয়েছিল ৬,৬০০ টাকা এবং বকেয়া খরচ বৃদ্ধি পেয়েছিল ২,৪০০ টাকা। পরিচালন সংক্রান্ত খরচাবলির নগদ প্রদানের পরিমাণ কত?
ⓚ ৭১,০০০ টাকা ⓚ ৮১,০০০ টাকা
ⓖ ৮৫,০০০ টাকা ⓖ ৯১,০০০ টাকা

২৩. নিচের কোন দফা বা দফাসমূহ অনগদ লেনদেন?
i. অবচয়
ii. সম্পত্তি ক্রয় সাধারণ শেয়ার ইস্যুর মাধ্যমে
iii. বন্ডকে সাধারণ শেয়ারে রূপান্তর
নিচের কোনটি সঠিক?
ⓚ i ⓚ ii
ⓖ i ও ii ⓖ i, ii ও iii

২৪. অধিকারে শেয়ার ইস্যু করার ফলে—
i. মূলধনী আয় বাড়বে ii. মুনাফাজাতীয় আয় বাড়বে
iii. মালিকানা স্বত্ব বাড়বে
নিচের কোনটি সঠিক?
ⓚ i ⓚ iii ⓖ i ও iii ⓖ i, ii ও iii

২৫. ঋণপত্র কোম্পানির কোন ধরনের দায়?
ⓚ চলতি দায় ⓚ স্বল্পমেয়াদী দায়
ⓖ বহিঃদায় ⓖ অন্তঃদায়

উদ্দীপকটি পড়ো এবং ২৬ ও ২৭ নং প্রশ্নের উত্তর দাও।
ঢাকা কোম্পানির শেয়ার মূলধন ১২,০০,০০০ টাকা, জমি ৫,০০,০০০ টাকা, দালানকোঠা ৭,৪০,০০০ টাকা, বিনিয়োগ ৪,০০০ টাকা, ব্যাংক জমাতিরিক্ত ৩৪,০০০ টাকা, পাওনাদার ২,৫৪০ টাকা, দেনাদার ১০,৪০০ টাকা, প্রদেয় বিল ১,৩০০ টাকা, প্রাপ্য বিল ৩৪০ টাকা, সমাপনি মজুদ পণ্য ৩৩,০০০ টাকা, অগ্রিম আয় ৬৪০ টাকা।

২৬. চলতি সম্পত্তির পরিমাণ কত?
ⓚ ৪৩,৭৪০ টাকা ⓚ ৪৪,৭৪০ টাকা
ⓖ ১২,৮৪,৭৪০ টাকা ⓖ ১২,৮৫,০০০ টাকা

২৭. চলতি দায়ের পরিমাণ কত?
ⓚ ৩৭,৮৪০ টাকা ⓚ ৩৮,৪৮০ টাকা
ⓖ ১২,৩৭,৮৪০ টাকা ⓖ ১২,৩৮,৪৮০ টাকা

২৮. কাদের রাইট শেয়ার ইস্যু করা হয়?
ⓚ সাধারণ শেয়ার মালিকদের নিকট
ⓚ শেয়ার মালিক বাদে অন্যান্য জনগণের নিকট
ⓖ কোম্পানির পরিচালকবৃন্দের নিকট
ⓖ ঋণপত্রধারিদের নিকট

২৯. আয় বিবরণী থেকে সর্বশেষ প্রাপ্ত ফলাফল কোনটি?
ⓚ মোট আয় ⓚ নীট লাভ বা ক্ষতি
ⓖ মোট লাভ ⓖ মোট লাভ বা ক্ষতি

৩০. কোনটি আর্থিক বিবরণীর অংশ?
ⓚ আয় বিবরণী ⓚ নগদান হিসাব
ⓖ ক্রয় হিসাব ⓖ ব্যাংক সমন্বয় বিবরণী

৩১. অলীক সম্পত্তি কোনটি?
ⓚ শেয়ার বাট্টা ⓚ সুনাম
ⓖ প্যাটেন্ট ⓖ ট্রেডমার্ক

৩২. 'X' কোম্পানির হাতে নগদ ১০,০০০ টাকা, সমাপনি মজুদ পণ্য ২০,০০০ টাকা, প্রদেয় বিল ১০,০০০০ টাকা, সুনাম ১৫,০০০ টাকা, দেনাদার ১০,০০০ টাকা। কোম্পানির চলতি অনুপাত কত?
ⓚ ১ : ১ ⓚ ২ : ১ ⓖ ৩ : ১ ⓖ ৪ : ১

উদ্দীপকটি পড়ো এবং ৩৩ ও ৩৪ নং প্রশ্নের উত্তর দাও।
২০১৩ সালের ৩১ ডিসেম্বর তারিখে সমাপ্ত বছরের করিম স্টোরের তথ্যাবলি নিম্নরূপ :

বিবরণ	টাকা
বিক্রয়	২,০০,০০০
বিক্রিত পণ্যের ব্যয়	৮০,০০০
অফিস সংক্রান্ত ব্যয়	২০,০০০
বিক্রয় ও বণ্টন সংক্রান্ত ব্যয়	২০,০০০
আয়কর ৫০%	

৩৩. বিক্রিত পণ্যের ব্যয় নির্ণয়ের সূত্র কোনটি?
ⓚ প্রারম্ভিক মজুদ + ক্রয় – সমাপনি মজুদ
ⓚ সমাপনি মজুদ + ক্রয় – প্রারম্ভিক মজুদ
ⓖ বিক্রয় + ক্রয় – সমাপনি মজুদ
ⓖ সমাপনি মজুদ + বিক্রয় – প্রারম্ভিক মজুদ

৩৪. করবাদ নীট লাভের পরিমাণ কত?
ⓚ ২০,০০০ টাকা ⓚ ৪০,০০০ টাকা
ⓖ ৫০,০০০ টাকা ⓖ ৮০,০০০ টাকা

উদ্দীপকটি পড়ো এবং ৩৫ ও ৩৬ নং প্রশ্নের উত্তর দাও।
২০১৩ সালের ৩১ ডিসেম্বর তারিখে কামাল লিঃ এর তথ্যাবলি নিম্নরূপ :

বিবরণ	টাকা
বিক্রয়	৮০,০০,০০০
বিক্রয় ফেরত	৫০,০০০
বিক্রয় বাট্টা	৩০,০০০
মোট লাভ	১২,০০,০০০
নীট লাভ	৮,০০,০০০

৩৫. নীট বিক্রয়ের পরিমাণ কত হবে?
ⓚ ৭৯,২০,০০০ টাকা ⓚ ৭৯,৫০,০০০ টাকা
ⓖ ৭৯,৭০,০০০ টাকা ⓖ ৮০,০০,০০০ টাকা

৩৬. নীট লাভ অনুপাত কত?
ⓚ ১০% ⓚ ১০.১০% ⓖ ১৫.১৬% ⓖ ১৫%

৩৭. উৎপাদন ব্যয় হিসাববিজ্ঞানের মুখ্য উদ্দেশ্য কোনটি?
ⓚ বিক্রিত পণ্যের লাভ-ক্ষতি নিরূপণ
ⓚ উৎপাদিত পণ্যের ব্যয় নিরূপণ
ⓖ উৎপাদিত পণ্যের বিক্রয় পূর্বাভাস নির্ণয়
ⓖ উৎপাদিত পণ্যের বাজারজাতকরণ প্রক্রিয়া নির্ণয়

৩৮. মুখ্য ব্যয় নির্ণয়ের সঠিক সূত্র কোনটি?
ⓚ প্রত্যক্ষ কাঁচামাল + প্রত্যক্ষ মজুরি + কারখানা উপরিব্যয়
ⓚ প্রত্যক্ষ কাঁচামাল + কারখানা উপরিব্যয় + অফিস উপরিব্যয়
ⓖ প্রত্যক্ষ কাঁচামাল + প্রত্যক্ষ মজুরি + প্রত্যক্ষ খরচ
ⓖ ব্যবহৃত কাঁচামালের ব্যয় + মজুরি ব্যয় + পরোক্ষ খরচ

৩৯. বিক্রয়মূল্যের উপর ২০% মুনাফা হলে মোট ব্যয়ের উপর মুনাফার হার কত?
ⓚ ১৬.৬৭% ⓚ ২০% ⓖ ২৫% ⓖ ৩৩$\frac{১}{৩}$%

৪০. উৎপাদন ব্যয় বিবরণী থেকে জানা যায় —
i. পণ্য উৎপাদনের মোট ব্যয় ii. উৎপাদিত পণ্যের বিক্রয়মূল্য
iii. উৎপাদনকারীর আর্থিক অবস্থা
নিচের কোনটি সঠিক?
ⓚ i ⓚ ii ⓖ i ও ii ⓖ i ও iii

উত্তর																																								
	১	ঘ	২	খ	৩	খ	৪	খ	৫	ক	৬	গ	৭	ক	৮	ক	৯	খ	১০	ক	১১	খ	১২	গ	১৩	ক	১৪	গ	১৫	খ	১৬	খ	১৭	ক	১৮	গ	১৯	ঘ	২০	গ
	২১	খ	২২	ঘ	২৩	ঘ	২৪	গ	২৫	গ	২৬	ক	২৭	ঘ	২৮	ক	২৯	খ	৩০	ক	৩১	ক	৩২	ঘ	৩৩	ক	৩৪	খ	৩৫	ক	৩৬	খ	৩৭	খ	৩৮	গ	৩৯	গ	৪০	গ